

এশিয়া প্যাসিফিক বিশ্ববিদ্যালয়ে ক্যাড সেন্টারের সেমিনার

<p>ইঞ্জিনিয়ারিং সফটওয়্যার প্রশিক্ষণ প্রতিষ্ঠান ক্যাড সেন্টার সম্প্রতি আহসান উল্লাহ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে GT Strudl নামক স্ট্রাকচারাল এনালিসিস সফটওয়্যারের ওপর একটি সেমিনারের আয়োজন করে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এম. এইচ. খান এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। তিনি তার</p>	<p>বক্তব্যে প্রকৌশল কার্যে সফটওয়্যারের অধিক ব্যবহারের ওপর গুরুত্বারোপ করেন। তাছাড়া প্রকৌশল ডিগ্রির পাশাপাশি বিভিন্ন স্কিল ডেভেলপমেন্ট প্রোগ্রামে অংশ নিয়ে নিজেদের অধিকতর যোগ্য প্রতিযোগী রূপে গড়ে তোলার ব্যাপারে তিনি ছাত্রছাত্রীদের পরামর্শ দেন। সেমিনারের মূল বক্তা অভিজ্ঞ ভারতীয় ক্যাড ইঞ্জিনিয়ার কে. এম. সিদ্ধিক স্ট্রাকচারাল</p>	<p>এনালিসিসের বিভিন্ন কাজে GT Strudl সফটওয়্যারের বহুমুখী ব্যবহারের দিকগুলো তুলে ধরেন। এছাড়া ওই সেমিনারে অন্যদের মধ্যে বিশ্ববিদ্যালয়ের পুরকৌশল বিভাগের প্রধান ড. এ.এম. সহিদুল্লাহ, সহযোগী অধ্যাপক ড. এসএ কিওয়ান, ক্যাড সেন্টারের ঢাকা সেন্টার ম্যানেজার হাসান তারিক প্রমুখ উপস্থিত ছিলেন। মোঃ নাসির উদ্দিন</p>
---	---	---